



কিষান ক্রেডিটকার্ড

কৃষি দপ্তর

প্রকল্পটির উদ্দেশ্য

কিষান ক্রেডিট কার্ডের মাধ্যমে কৃষকদের চাষ-আবাদ এবং আনুষঙ্গিক কাজের জন্য সহজ শর্তে ব্যাঙ্ক এবং অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান থেকে পর্যাপ্ত পরিমাণ এবং সময়মতো ঋণ প্রদান করা হয়। মরশুম ভিত্তিক মঞ্জুরীকৃত ঋণ সময়মতো পরিশোধ করলে সুদের উপর বার্ষিক ৩% হারে অনুদান পাওয়া যায়।

কী কী প্রয়োজনে এই ঋণ পেতে পারেন

- ১) ফসল চাষের জন্য স্বল্পমেয়াদি ঋণ নেওয়ার প্রয়োজন হলে।
- ২) ফসল কাটার পরবর্তী খরচের যোগান পেতে এবং ফসল বিক্রির খরচের জন্য প্রয়োজনীয় ঋণ পেতে হলে।
- ৩) খামার এবং কৃষির সঙ্গে যুক্ত সম্পদ রক্ষণাবেক্ষণের জন্য কার্যকরী মূলধনের প্রয়োজন পড়লে এবং কৃষি ও আনুষঙ্গিক কাজে বিনিয়োগের জন্য এই ঋণ দেওয়া হয়।

কারা এই প্রকল্পটির সুবিধা পেতে পারেন

- ১) চাষযোগ্য জমির মালিক যারা একক ও যুগ্মভাবে কৃষিকাজ করেন।
- ২) নথিভুক্ত বর্গাদার।
- ৩) ভাগচাষী (ওরাল লিজি, শেয়ার ক্রপার, টেনেন্ট ফার্মার)।
- ৪) স্বনির্ভর গোষ্ঠীর সদস্য যারা নিজস্ব জমিতে চাষ করেন বা ভাগচাষী।
- ৫) যুগ্মদায় গোষ্ঠীর সদস্য যারা নিজস্ব জমির চাষ করেন বা ভাগচাষী।

প্রকল্পে আবেদনের জন্য প্রয়োজনীয় নথি

- ১) পাসপোর্ট মাপের ২ কপি সাম্প্রতিক ছবি;
 - ২) ভোটার কার্ড এবং আধার কার্ডের স্বপ্রত্যয়িত প্রতিলিপি;
 - ৩) কৃষিজমির দলিল/ পর্চা/ আর ও আর/পাট্টা রেকর্ড/বন দপ্তর থেকে পাওয়া পাট্টা-স্বপ্রত্যয়িত প্রতিলিপি;
 - ৪) ব্যাঙ্কের পাশবইয়ের প্রতিলিপি অথবা বাতিল চেক।
 - ৫) ব্যাঙ্ক ও আধারের সঙ্গে যুক্ত মোবাইল নম্বর (আবশ্যিক)
- (মূল নথিও সঙ্গে থাকা দরকার)

যোগাযোগ

নিকটবর্তী ব্যাঙ্কের শাখা, ব্লকের সহ কৃষি অধিকর্তার কার্যালয়ে যোগাযোগ করতে পারেন।